October, 2020
Volume 1, Issue 4

Anweshan

In Quest of Dimension

ILLUSTRATED

Upanishad Series

kena upanishad

RAJ YOGA KRIYA YOGA MISSION

Service to Atman is Service to Param Atman

स उ प्राणस्य प्राणः

ANWESHAN

MOUTHPIECE OF RYKYM

Digital Edition: 15th October 2020

Volume – 1: Issue - 4

Publisher:

RAJ YOGA KRIYA YOGA MISSION

401, S. R. K, Paramhangsa Apartment.

6, Dargah Tala Ghat Lane. Post, Bhadrakali

Uttar Para, West Bengal 712232

Copyright © RAJ YOGA KRIYA YOGA MISSION

Website: www.rykym.org

সংঘ মাতা - Sangh Mata:

শ্রীমতী সুজাতা রায় (Srimati Sujata Ray)

সম্পাদক মণ্ডলী - Editorial Team:

ডঃ ঐন্দ্রী রায় (Dr. Oindri Ray)

পাপিয়া চ্যাটার্জী (Papia Chatterjee)

সাকেত শ্রীবাস্তব (Saket Shrivastava)

সুদীপ চক্রবর্তী (Sudeep Chakravarty)

গ্রাফিক্স ডিজাইন এবং আর্ট ওয়ার্ক –

Graphics Design and Artwork:

দীপাঞ্জন দে (Dipanjan Dey)

সুজয় বিশ্বাস (Sujay Biswas)

 © 2020 RYKYM.org All Rights Reserved

শারদীয়া অন্বেষন

রাজযোগ - ক্রিয়াযোগ মিশন - এর মুখপত্র

চতুর্থ ডিজিটাল সংখ্যা

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে।
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে।
ওঁ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।।

ওঁ

অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্তং য়েন চরাচরম |
তৎপদং দর্শিতং য়েন তস্মৈ শ্রীগুরবে নমঃ ||

স উ প্রাণস্য প্রাণঃ

রাজযোগ ক্রিয়াযোগ মিশন

© 2020 RYKYM.org All Rights Reserved

Sharodiya Special Edition - Content

Articles in Bengali

1. ক্রিয়াবানদের দিনলিপি 9
2. গুরু-শিষ্য কথা 10
3. উপলব্ধির আলোকে 12
4. ক্রিয়াযোগ ও বিজ্ঞান – চতুর্থ অংশ 15
5. আমার ক্রিয়ার আলোকে আসা 19
6. মাকে দেখেছো? 20
7. আমার আন্তরিক মা 22
8. তুমি (গুরুদেবের চরণে) 23
9. কৃপা 24

Articles in Hindi

10. क्रिया में अनुशीलनता का महत्व (भाग 2) 25

Articles in English

11. Kabir Ke Dohe 26
12. Only Brahman is Victorious (Kena Upanishad) 28
13. Food Consumption and their Interdependence with Yoga – Part 2 31
14. Intuition and Kriya Yoga 33
15. Mind and Sadhana 35
16. Yoga & Guru 37
17. Why is Kriya Yoga necessary? 39
18. Behind the relevance of 'Mahishasuramardini': A Review 40
19. Some Quotes of Gurudeva Acharya Dr. Sudhin Ray with Explanation 43

*প্রকাশিত লেখার বক্তব্য লেখকের নিজস্ব এবং এর কোনোওরূপ দায়িত্ব মিশন কর্তৃপক্ষের নয়।

*प्रकाशित आलेखों में व्यक्त किए गए विचार लेखक के निजी हैं, तथा राज योग क्रिया योग मिशन उनके लेख के लिए किसी भी प्रकार से उत्तरदायी नहीं है

*Views, thoughts, and opinions expressed in the articles belong solely to the author, and not necessarily to the Raj Yoga Kriya Yoga Mission.

© 2020 RYKYM.org All Rights Reserved

সম্পাদকীয়

জগজ্জননী ভগবতী মহামায়ার পূজার পূন্যলগ্ন উপস্থিত। শরতের আকাশে ঊষার অরুণালোক মায়ের আগমনী বার্তা বহন করেছে। দেবী ভগবতী যেমন স্বরূপতঃ ব্রহ্ম হতে অভিন্ন যথা -**"একৈবাহং জগত্যত্র দ্বিতীয়া কা মমাপরা। পশ্যৈতাদুষ্ট ময়্যেব বিশন্ত্যো মদ্বিভূতয়ঃ॥" (চণ্ডী, ১০:৫)** - তাই তিনি স্থির, তেমনই আবার সৃষ্টির স্থিতি ও বিনাশের কারণস্বরূপা। বস্তুত নিখিল বিশ্ব-সংসার তাঁরই বিস্তৃত বিরাট লীলাক্ষেত্র। যুগে যুগে সংকটকালে যখন যেমন ভাবে তাঁর আহ্বান করা হয়েছে, তখন সেই উদ্দেশ্যপূর্তির নিমিত্ত তিনি আবির্ভূতা হয়েছেন নব নব রূপে। ভক্তগণের প্রতি তাই তাঁর পরম আশ্বাস –

"ইত্থং যদা যদা বাধা দানবোত্থা ভবিষ্যতি।

তদা তদাবতীর্যাহং করিষ্যাম্যরি সংক্ষয়ম।।" (চণ্ডী, ১১ : ৫৪-৫৫)

আবার গীতাতেও পরমব্রহ্মের আশ্বাসবাণী –**"সম্ভবামি যুগে যুগে"**। তাই দেবী কখনও দেবগণের ভ্রান্তি দূর করতে জ্ঞানদাত্রী উমা হৈমবতী রূপে অবতীর্ণা হন, কখনও ব্রহ্মার প্রার্থনায় বিষ্ণুর যোগনিদ্রা ভঙ্গ করেন, আবার কখনও বা তিনি প্রচণ্ডরূপা- রক্তবীজ, মহিষাসুর, শুম্ভ, নিশুম্ভ আদি অসুর বিনাশিনী রূপে জগতকে রক্ষা করেন।

দেবীকে আবাহন করি, দেবী তাঁর কৃপাবারি ও সঞ্জীবনী শক্তি দ্বারা জীবজগতকে রক্ষা ও প্রতিপালন করুন – **'ইহাগচ্ছ, ইহাগচ্ছ, ইহতিষ্ঠ, ইহতিষ্ঠ...'**। মাতৃ আরাধনায় রাজযোগ ক্রিয়াযোগ মিশনের এই নৈবেদ্য সকল মানবজাতির মঙ্গলকামনায় মায়ের শ্রীপাদপদ্মে নিবেদিত হল। ধরিত্রী পুনরায় সেজে উঠুক তার পূর্ব শ্রী ও মহিমায়। সকলকে শারদীয়ার শুভেচ্ছা রইল।

© 2020 RYKYM.org All Rights Reserved

संपादकीय

जगज्जननी भगवती महामाया की आराधना के शुभ मुहूर्त का पदार्पण हो चूका है । शरद् ऋतु के आकाश में भोर का पहर माता के आगमन का संदेश दे रहा है। देवी भगवती स्वयं ब्रह्मस्वरूपा है, इसका प्रमाण मार्कंडेय पुराण के अंतर्गत दुर्गा सप्तशती के दसवें अध्याय में मिलता है जिसमें माँ ने स्वयं शुम्भ को संबोधित करते हुए कहती हैं कि –

एकैवाहं जगत्यत्र द्वितीया का ममापरा ।

पश्यैता दुष्ट मय्येव विशन्त्यो मद्विभूतयः ॥ ५॥ – दुर्गा सप्तशती दशम अध्याय

अर्थात इस संसार में एक मैं ही हूँ, और कोई नहीं। देख , ये , मेरी ही विभूतियाँ (सभी चराचर जगत जड़-चेतन, दृश्य-अदृश्य) हैं , अतः मुझ में ही प्रवेश कर रही हैं। इसलिए स्वयं स्थिर होते हुए भी वह सृष्टि की स्थिति और विनाश का कारण हैं। वस्तुतः यह निखिल विश्व संसार उनकी लीला का विशाल क्षेत्र है |

हर युग में संकट के समय, जब भी उनका आह्वान किया जाता है, वह नित्य नए रूप में उस उद्देश्य को पूरा करने के लिए अवतार लेती है। यही कारण है कि भक्तों के लिए देवी का पूर्ण आश्वासन है –

"इत्थं यदा यदा बाधा दानवोत्था भविष्यति ।

तदा तदाऽवतीर्याहं करिष्याम्यरिसंक्षयम् ॥५४-५५ ॥" – दुर्गा सप्तशती एकादशोऽध्यायः

गीता में भी, हम ईश्वर का आश्वासन पाते हैं – "संभवामि युगे युगे"। इस प्रकार कभी-कभी वही आदि शक्ति, देवों को ब्रह्मज्ञान प्रदान करने और उनकी अज्ञानता को दूर करने के लिए उमा हैमवती के रूप में प्रकट होती हैं, कभी-कभी वह ब्रह्मा की प्रार्थना पर योगनिद्रा से विष्णु को जगाती हैं, और फिर कभी वह अपने उग्र रूप में प्रकट होकर रक्तबीज, महिषासुर, शुम्भ और निशुम्भ जैसे दानवों का संहार कर संसार की रक्षा करती है।

हम देवी का आह्वान करते हैं, कि वह अपनी कृपा और जीवनदायिनी ऊर्जा से चराचर जगत की रक्षा और पोषण करें। माँ की आराधना में राजयोग क्रिया योग मिशन का यह संस्करण सभी मानव जाति के कल्याण के लिए माँ श्रीपादपद्म को समर्पित है। वसुंधरा अपनी पूर्व की महिमा और सुंदरता में एक बार फिर अलंकृत हो , सभी को शारदीय नवरात्र अवसर पर शुभकामनाएँ ।

 © 2020 RYKYM.org All Rights Reserved

Editorial

The auspicious occasion of the worship of Divine Mother Mahāmāyā has arrived. The sunrays of the dawn of autumn sky have brought the message of the Mother's arrival. Devi Bhagavatī is verily the Brahman in essence thus – **"*ekaivāhaṃ jagatyatra dvitīyā kā mamāparā*।**

***paśyaitāduṣṭa mayyeva viśantyo madvibhūtayaḥ*॥" Chandi (10:5)** – that is why she is still, but she is also the cause behind the existence and destruction of the creation. In reality, the vast expanse of the cosmos is but her playground. During times of crisis in every era, whenever she has been invoked, she incarnates to execute the purpose in novel forms. That is why for the devotees her absolute assurance is –

"*itthaṃ yadā yadā vādhā dānavatthā bhaviṣyati*।

***tadā tadāvatīryāhaṃ kariṣyāmyari saṃkṣaym*॥" Chandi (11:54-55)**

In the Gītā also, we find the assurance of the Brahman – **"*sambhavāmi yuge yuge*".** Thus sometimes she appears as Umā Haimavatī to enlighten the Devas and dispel their ignorance, sometimes she awakens Viṣṇu from Yoganidrā upon Brahmā's prayer, and then again she appears in her fierce form – the annihilator of demons like Raktabīja, Mahiṣāsura, Śumbha and Niśumbha, thus protecting the world.

We invoke the Devi; may she protect and nurture the living world with her grace and regenerative energies. In the worship of the Divine Mother, this oblation by Rajyoga Kriyayoga Mission is offered to the holy lotus feet of the Mother, wishing for the well-being of the human race. May the earth adorn again in her previous glory and beauty. Greetings on the occasion of Sharodiya to all.

 © 2020 RYKYM.org All Rights Reserved

 © 2020 RYKYM.org All Rights Reserved

ক্রিয়াবানের দিনলিপি

ভোরের আকাশ এখন মায়ের আগমনীর গন্ধ মাখা। বিশেষ করে ক্রিয়ার পরে দু'চোখে যেন মায়ার ঘোর লেগেই থাকে বেশ কিছুক্ষণ - এও এক আজব নেশা। মা নিজেই তো মায়া স্বয়ং। হয়তো ক্রিয়ার পরে মা তার মায়ার আবরণ সরিয়ে দিয়ে প্রকৃতির রূপ দেখার দৃষ্টি দেন।

বাবার নিজের স্থান, বহু যোগীর সাধনাস্থল - এই পশুপতি'ক্ষেত্রের কাছেই বাড়ির উল্টো দিকেই এক মস্ত শিউলি ফুলের গাছ। ভোর থেকে দুপুর অবধি সারাদিন টুপটাপ করে শিউলি পড়েই যাচ্ছে। ঘরের জানালা দিয়ে দেখি। অনেকেই কুড়িয়ে নিয়ে যাচ্ছে সকালের দিকে, বোধহয় পুজোর জন্য। আর তার পরেও গাছতলা মাঝে মাঝে সাদা হয়ে ভরে থাকতে দেখি।

পাহাড়ে কাশ দেখা যায় না; ওটা বাংলার নদীর পাড়ের শরতেরই বৈশিষ্ট্য।

আকাশ এখানে বড্ড খামখেয়ালি। এই বৃষ্টি, এই রোদ। কিন্তু দূষণ যেহেতু কম, তাই বৃষ্টি সরে গেলেই আকাশ মেঘের সাদা তুলোহীন, বড্ড বেশি নীল।

শুনেছি মা পাহাড় থেকে সমতলে যান; আর বাস্তবে আমার হয়েছে উল্টো। যদিও সাধন-পর্বতের সহস্রার শিখরে কোন্ জন্মে যে উঠতে পারবো - তা স্বয়ং ঈশ্বরীই জানেন।

পুজোতে মা এবং গুরুদেবের থেকে দূরে থাকা কষ্টের; কিন্তু, ক্রিয়া দ্বারাই এই দূরত্ব মেটানো সম্ভব। অনাহতেই শুনি মায়ের আরতির কাঁসরের অনুরণন।

অধুনা প্রতিকূল পরিস্থিতি থেকে মুক্ত হোক প্রকৃতিরই এক সৃষ্টি — মানবকুল।

 © 2020 RYKYM.org All Rights Reserved

"গুরু-শিষ্য কথা"

– আচার্য্য শ্রী ডঃ সুধীন রায়

মুক্তির উদ্দেশ্যে গুরু খুঁজছো তাহলে, কিভাবে বুঝবে সে তোমার সঠিক গুরু কিনা? মানে তোমার জন্য কিনা?

আকুলতা দিয়ে যদি খোঁজো যে আমি কিছুই জানিনা জানতে হবে, তবে নিশ্চয়ই তুমি সেই ধরণের মানুষ পাবে যাঁকে তুমি ভালোবাসতে পারবে। বুদ্ধি দিয়ে বিচার করে গুরু পাওয়া যায় না, জাগতিক বুদ্ধি শুধু মাত্র নিজের সুবিধা খোঁজে, যদি অহংকারে হাত পড়ে তাহলে সেখানে টেকা যাবে না। তবে সেখানে গিয়ে যদি দেখো যে গুরুরুপী মানুষটি সবাইকার মতো চলছেন কাউকেই তার দোষ দেখিয়ে দিচ্ছেন না, তবে একটু ভেবে নিতে হবে যে তিনি শুধুমাত্র সান্ত্বনা দেওয়া বা ভালোবাসার মানুষ না জ্ঞানী হওয়ার রাস্তা দেখাবার।

তবে আবেগপ্রবণ হলে চলবে না। দেখতে হবে নিজের দেখার মধ্যে আবেগ, অভিমান, অহং ঢুকে আছে কিনা?

জাগতিক মানুষ গুরুসঙ্গ করে নানা কারণে, কেউ জ্ঞানের জন্য, কেউ কৃপা পাওয়ার জন্য, কেউ আবার নিজের লোক মনে করে সঙ্গে থাকে। যে জ্ঞানের জন্য আসে তার মধ্যে আধ্যাত্মিকতার মাত্রা বেশী থাকে। তার মানে তার তন্মাত্রা অন্যদের থেকে একটু আলাদা। যে কৃপা পাওয়ার জন্য আসে তাকে বারবার ভাবতে হবে আমি কেন এসেছি। কৃপা শুধুমাত্র গুরুর কাছে থাকে না, সংসারে সর্বত্র কৃপা দেওয়া আছে, উপযুক্ত মানুষ তার গুনানুযায়ী কৃপার অধিকারী হয়। সে তখন বুঝতে পারে যে সর্মপণই কৃপা পাবার একমাত্র অবস্থা। আবার কিছু মানুষ গুরুকরণের জন্য আসে, তাতে দেহ শুদ্ধ হয় মন শুদ্ধ হয়। এরা কিন্তু সবাই ভক্ত হতে চায় সেটা ভয়ে বা ভক্তিতেও হতে পারে। ভগবান তাঁর কথায় বলছেন ভক্তের মধ্যে চার রকমের বিভাগ আছে, আর্ত, অর্থার্থী, জিজ্ঞাসু ও জ্ঞানী। গুরুকে এই চার রকম অবস্থার মানুষের জন্যই কাজ করতে হয়।

মনের চঞ্চলতার জন্য গুরুশক্তি কি বোঝা যায় না,তাই মনের স্থিরত্বের জন্য ক্রিয়াযোগ, উৎসে যাবার পদ্ধতি, সেইজন্য আকুল ভাবে প্রার্থনা করলে দৃঢ়সংকল্প লাভ করা যায় ও কৃপা লাভ হয়।

ব্রহ্মই মন হিসাবে প্রকাশিত, আত্মা যখন প্রকৃতিস্থ হন তখনই মনের প্রকাশ। মন যখন গভীরভাবে আকুলি-বিকুলি করে তখন একজন মাঝে এসে দাঁড়ান তিনিই গুরু, আর আদিগুরু বিন্দুরূপে আজ্ঞা চক্রে রয়েছেন। তাই গুরুকে ভালো করে ধরতে হবে তবে আজ্ঞা চক্র খুলবে। সবটাই সাধকের নিজস্ব বোধ। চঞ্চলতার মধ্যেই স্থিরত্ব; আবর্তনের মধ্যেই বর্তমান। আবর্তনের মধ্যে থাকলেই মন লয় হবে, আর নির্গুণ তত্ত্বের জ্ঞান হবে।

আবর্তিত হয়ে যখন ওঠা নামা করছে তখন একটা কেন্দ্রবিন্দু আছে, যিনি মাঝখানটা ধরে আছেন তিনি সুষুম্না, তাকে ধরতে হবে তবে যদি মন স্থির হয়। এইজন্য গুরুর কাছে শর্তহীন সর্মপণ দরকার। সর্মপণ সঠিক হলে স্মরণ মাত্রই তিনি আসেন, কখনও রূপে আবার কখনও শুভ্র জ্যোতি রূপে, শুভ্র জ্যোতি হচ্ছে জ্ঞান মূর্ত্তি। শুভ্র জ্যোতির মধ্যেই তাঁর অবস্থান।

দ্বন্দ্ব বা সন্দেহের নিবৃত্তি হলেই শুভ্র জ্যোতি আসে। অনুশীলনের সাহায্যেই ভাব ঘনীভূত হয় তখনই গভীর ধ্যানে নিমগ্ন হওয়া যায়। গুরু চিন্তায় এই তত্ত্বজ্ঞান এলে বৈরাগ্য আসবে। তবে এই বোধ সহজে আসে না, ধৈয্য ধরে লেগে থাকলে বোঝা যাবে যে ব্রহ্মবিদ্যা সহজাত হচ্ছে। তখনই মন আপনিই বলবে "গুরুদেব আপনিই করিয়ে নিন" এটাই পূর্ণ সর্মপণ।

© 2020 RYKYM.org All Rights Reserved

(Translation)

Guru-Disciple Talk – Gurudeva Dr. Sudhin Ray

If you are searching for a Guru for the purpose of liberation of your soul, then how will you know that who is your true Guru? Meaning, whether he is the one for you? If you search with an intense longing of 'I know nothing; I need to know', then surely you shall get that person whom you can offer your love.

A Guru cannot be obtained through one's judgement using merely the intellect. The worldly intellect seeks only personal gains; and if it combines with ego and pride, then there is no path left for that person. But if you go there and observe that the person who is a Guru lives like others and doesn't point out anyone's mistakes, then you have to think whether he is a person who can only give consolation and love, or can guide you towards the path of realization.

However, one must not be emotional. One should observe whether there is a presence of any emotion, arrogance, or ego in his own observation of a Guru.

There are various reasons for worldly people to have a Guru's company. Some do so for attaining knowledge of self-realization, some do it to obtain his grace, while there are some who are always with their Guru, considering him as their close one. A person who comes to his Guru for the knowledge of self-realization, has more presence of spirituality in him. This means his *tanmatra* (the basic subtle form of the five elements) is somewhat a little different from others. One who comes for grace must introspect repeatedly – 'why have I come?' Grace is not found exclusively with the Guru; instead, it's present everywhere in nature. A worthy man obtains grace in accordance with his qualities. He then understands that the only condition to obtain grace is to surrender. While there are some who come for selecting a Guru; this makes the body and mind pure. All these shishya or disciples want to become a devotee, either out of fear or devotion. God, in his enunciation, says, there are four types of devotees: *Āarta* (the distressed), *Arthārthī* (those having certain wishes), *Jijñāsu* (the seeker of truth), and *Jñānī* (the Self-Realised). A Guru has to work for all these four types of individuals.

Due to mind's restlessness, one cannot comprehend the *Gurushakti*, that is why there's Kriya Yoga to attain the stillness of mind. Kriya yoga is the process of reaching the origin; by praying with a deep longing, the determination and grace can be obtained.

Mind is the expression of the Brahman itself. When the Atman comes under the influence of *Prakriti*, only then the mind gets expressed. When a mind gets deeply anxious, the person who comes for rescue is none other than the Guru, while the Adi Guru resides in the form of a dot or *Bindu* in the Ājñā Chakra. That is why the adherence to the Guru is needed; only then the Ājñā chakra shall open. All this is a sadhak's own perception. There is stillness within the chaos; and inside this churning is the present. It's only if one stays within this internal churning, can he lead to the dissolution of mind, and the attainment of knowledge of the *Nirguna tattva*.

When the pran goes up and down while churning, there is a centre point and the one that holds the centre is the Sushumna. One should hold on to this Sushumna if one wants to calm and still his mind. That is why an unconditional surrender to the Guru is required. If the surrender is absolute, the Guru comes immediately when remembered, either in his physical form, or sometimes, in the form of white light. This white light is the idol of *Jñāna*, and it is inside this white light that a Guru's presence resides.

It's only after the cessation of any conflict or doubt that the white light appears. Only with the help of practice, the feelings become dense, and that is when one can get immersed in a deep meditation. When this philosophy rises in the mind at the thought of the Guru, a sense of detachment from this world appears. However, this perception does not come easily. An adherence to practice with patience, leads to the understanding that knowledge of the Brahman is becoming innate and natural. Only then the mind will speak by itself - "Gurudeva you become the doer." This is the ultimate complete surrender. ॐ

RYKYM Guru Lineage

 © 2020 RYKYM.org All Rights Reserved

"উপলব্ধির আলোকে"

– সুজয় বিশ্বাস

শ্রী শ্রী গুরুদেবের ও গুরুমায়ের আর্শীবাদ এবং অনুমতি নিয়ে ক্রিয়ার দৃষ্টিভঙ্গি থেকে আমার কিছু অভিজ্ঞতার কথা বর্ণনা করছি এখানে। আমার এই ক্ষুদ্র বোধ অনুযায়ী যথাসাধ্য লেখার মধ্যে সম্ভাব্য বিচ্যুতির জন্য সকলের কাছে আমি অগ্রীম ক্ষমাপ্রার্থী।

এক বালতি জলের মধ্যে আমরা যদি একটি ঘটকে উপুড় করে বা উল্টো করে ঘটের উপর থেকে সম্ভাব্য চাপ দিয়ে যতই ঘটকে জলের মধ্যে ডোবাতে চেষ্টা করিনা কেন সেই ঘট জলের মধ্যে কোনো মতেই ডুববে না। কারণ ঘটের মধ্যে থাকা বায়ুও ভেতরের দিক থেকে উপরের দিকে সমপরিমাণ চাপ দেবে। কিন্তু সেই ঘটের মধ্যে থাকা বায়ু যদি কোনো ভাবে বেরিয়ে যেতো তাহলে সেই ঘটটি অতি সহজেই জলের মধ্যে ডুবে যেতো। কিন্তু ওই ঘটের মধ্যে থাকা বায়ুকে কিভাবে বের করা সম্ভব? আমরা যদি কোনো ভাবে ওই ঘটের উপরের দিকে একটি ছিদ্র করে দিতে সক্ষম হতাম তাহলে ঘটের মধ্যে থাকা সমস্ত বায়ু সেই ছিদ্র পথ দিয়ে খুব সহজেই বেরিয়ে যেত ফলস্বরূপ ঘটটি জলে ডুবে যেত।

এতো গেল একটি অতি সাধারণ বিজ্ঞানের কথা। এখন যদি এই ঘটনাটিকেই আমরা ক্রিয়ার দৃষ্টিভঙ্গি থেকে ব্যাখ্যা করতে চাই, তাহলে প্রথমেই বলতে হয় প্রাণায়ামের কথা। আমরা নিত্য ক্রিয়া অভ্যাসের মধ্য দিয়েই সঠিক প্রাণায়ামে আসার অবস্থা অভ্যাস করতে থাকি। তাহলে কি এই সঠিক প্রাণায়াম? আমরা সাধারণত সব সময় ইড়া এবং পিঙ্গলা অর্থাৎ চন্দ্র নাড়ি ও সূর্য নাড়ি দ্বারা শ্বাস প্রশ্বাস নিয়ে থাকি যা প্রাণের চঞ্চল অবস্থার প্রতীক। ঠিক একই ভাবে আমরা বাহ্যিক প্রাণায়ামের অভ্যাসের মধ্যে দিয়েই ধীরে ধীরে সঠিক প্রাণায়ামের অবস্থা অর্থাৎ অন্তর্মুখী প্রাণায়াম বা কেবল- কুম্ভক অবস্থা প্রাপ্ত হই, তখন প্রাণবায়ু সুষুম্নার মধ্য দিয়ে প্রবাহিত হয়। যাকে আবার প্রাণায়ামের সিদ্ধাবস্থাও বলা হয়। শ্বাস-প্রশ্বাস ফেলা ও নেওয়ার মধ্য দিয়েই আমরা বাহ্যিক বায়ুর প্রবাহকে রোধ করে ফেলি ঠিক ওই ঘটের মধ্যে থাকা বায়ুকে বের করবার মতো করে। তাহলে ওই ঘটের উপরের ছিদ্র করাটা কি? এখানে এই ছিদ্র করা হল 'অনাহত চক্র' বা 'হৃদয়গ্রন্থি' কে ধীরে ধীরে ভেদ করবার প্রতীক। জলের উপরে থাকাকালীন ঘটটি হল 'সাধারণ মনের' প্রতীক। ঘটটি ছিদ্র করে জলে ডুব দেওয়া অর্থাৎ যখন হৃদয়গ্রন্থি পুরোপুরি ভাবে ভেদ হয় তখন সাধারণ মনের মধ্যে থাকা সমস্ত গরল বা সাংসারিক বাঁধন- হিংসা, কাম, ক্রোধ, লোভ, মায়া, মোহ, চাওয়া, পাওয়া এবং প্রত্যেক চক্রের মধ্যে জমে থাকা অনেক জন্মের প্রারব্ধ কর্মের ফল বের হয় অর্থাৎ ঘটের মধ্য থেকে সমস্ত বায়ু বের হয়ে গিয়ে স্থুল মন সরল হয়, নির্মল হয় এবং সূক্ষ্ম হয় তখন ওই সূক্ষ্ম মনই জলে পুরোপুরি ভাবে ডুব দিতে সক্ষম হয়।

এই প্রসঙ্গে সাধক রামপ্রসাদের গাওয়া একটি গানও প্রচলিত আছে-

"ডুব দে রে মন কালী বলে। হৃদি-রত্নাকরের অগাধ জলে। রত্নাকর নয় শূন্য কখন, দু-চার ডুবে ধন না পেলে, তুমি দম-সামর্থে একডুবে যাও, কুলকুণ্ডলিনীর কূলে"।।

এখন মাতৃশক্তির গুরুত্ব ও প্রভাব নিয়ে আলোচনা করব।

অনেক ক্রিয়াবানকেই মাঝেমধ্যে গুরুদেবের কাছে বলতে শুনেছি যে, "গুরুদেব প্রাণায়াম সঠিক ভাবে হচ্ছে না বা সঠিক ভাবে প্রাণায়াম হচ্ছে কিনা কিভাবে বুঝবো?" গুরুদেব ক্রিয়াবানদের প্রশ্নের উত্তর স্বরূপ বলেন যে, "যখন দেখবে আমি নিজে প্রাণায়াম করছি বলে মনে হবে না শুধু মনে হবে কেউ যেন নিজে থেকে আমাকে প্রাণায়াম করাচ্ছে (Automatic Pranayama) এবং প্রাণায়ামের পর আনন্দ হচ্ছে তখন বুঝবে প্রাণায়াম সঠিক ভাবে হচ্ছে।" আমি

© 2020 RYKYM.org All Rights Reserved

গুরুদেবের বলা এই কথাটি একদিন ভাবলাম এবং প্রত্যক্ষ ভাবে অনুভবও করলাম যে, যতক্ষণ না পর্যন্ত মায়ের ইচ্ছে হচ্ছে ততক্ষণ পর্যন্ত প্রাণায়াম সঠিক ভাবে হবে না। মা সাধকের অবস্থানুযায়ী জাগ্রত হন ও সঠিক পথে হাত ধরে পৌঁছেও দেন। আমি পূর্বেই আমার লেখা 'অমৃত স্পর্শ'-এ বলেছি যে, 'মা কুলকুন্ডলিনী' শক্তি 'স্বয়ম্ভু' অর্থাৎ যে শক্তি নিজে থেকে উঠে আসে বা জেগে ওঠে ও সাধককে সঠিক পথে হাত ধরে পৌঁছে দেওয়ার পাশাপাশি এক ভরপুর আনন্দও প্রেরণ করেন।

এই প্রসঙ্গে একটি প্রচলিত গানেও বলা হয়েছে-

"মাগো আনন্দময়ী নিরানন্দ কোরো না"।

এই গানটির মধ্য দিয়েও মাকে আনন্দময়ী বলা হয়েছে অর্থাৎ মা-ই হল সেই আনন্দের কারক, মায়ের ইচ্ছাতেই সেই ভরপুর আনন্দের সুখ সাধক লাভ করে থাকে। তাই মা না চাইলেই নিরানন্দ। তখনই সাধকের মনে প্রশ্ন আসবে প্রাণায়াম ঠিক ভাবে হচ্ছে না কারণ পূর্বের বলা কথানুসারে মা সাধকের অবস্থানুযায়ী জাগ্রত হন, সবই মায়ের ইচ্ছা। মায়ের সুষুপ্তি থেকে জাগ্রত অবস্থার এই পুরো সময়কালীন যা যা ঘটনা সাধকের সাথে ঘটে থাকে, সেই সব ঘটনা যা সাধারণ মানুষ চাক্ষুষ ভাবে দেখে তারা ভাবে যে এই সব ঘটনা হল সাধকের অলৌকিক ক্ষমতা কিন্তু তা নয়, এই সবই হল মায়ের খেলা যা মায়ের ইচ্ছাতেই ঘটে থাকে। তাই সাধক তখন সাধারণ মানুষের উদ্দেশ্যে গেয়ে থাকেন-

"সকলি তোমারি ইচ্ছা,

ইচ্ছাময়ী তারা তুমি

তোমার কর্ম তুমি করো মা,

লোকে বলে করি আমি

সকলি তোমারি ইচ্ছা"।।

প্রচলিত এই গানটির মধ্য দিয়ে মা কুলকুন্ডলিনী শক্তিকে মা তারা রূপে সাধক ব্যাক্ত করেছেন। এই গানটির মধ্যেও বলা হয়েছে মা ইচ্ছাময়ীর ইচ্ছার জন্যই সব ঘটনা ঘটে থাকে। সব কর্মও মা-ই করেন বা সাধকে দিয়ে করান।

মা কুলকুন্ডলিনী শক্তির অবস্থান হল মূলাধার চক্রে। কুলকুন্ডলিনী শক্তিকে সাপের সাথেও তুলনা করা হয়। কারণ খুব ভালো করে লক্ষ্য করলে দেখা যাবে এই শক্তিও যেন সাপের মতো কুন্ডলি পাকিয়ে বা জড়িয়ে আছে মূলাধার চক্রে। বর্তমানে প্রচলিত কালীমূর্তি যা কিনা সাধক কৃষ্ণানন্দ আগমবাগিশ দ্বারা সৃষ্টি। দক্ষিণা মায়ের সেই চিন্ময়ী মূর্তিটি ভালো করে লক্ষ্য করলে দেখা যাবে মা তার বাঁ- পাটি পিছনের দিকে এবং ডান-পাটি সামনের দিকে করে শিবের উপর দাঁড়িয়ে আছেন। মায়ের বাঁ-পাটি শিবের মূলাধার চক্রের উপর অবস্থিত এবং মায়ের ডান-পাটি শিবের অনাহত চক্রের উপর অবস্থিত। আমারা যেমন কোথাও বসে থাকলে আগে উঠে দাঁড়াই তারপর এক পা বাড়িয়ে হাঁটা শুরু করি বা অগ্রসর হই বা প্রস্থান করি, আমাদের লক্ষ্যের দিকে নির্দিষ্ট পথ বরাবর, এও ঠিক তেমনই- মায়ের বাঁ-পাটি শিবের মূলাধার চক্রের উপর অর্থাৎ মায়ের মূলাধার চক্রে অবস্থান ও বাঁ পায়ের সাপেক্ষে দাঁড়ানো হল মা এর জাগ্রত অবস্থার প্রতীক। মায়ের বাঁ পায়ের সাপেক্ষে দাঁড়িয়ে ডান পাটি অগ্রসর অর্থাৎ মা কুলকুন্ডলিনী শক্তির জাগরণের পর সুষুম্না পথে অগ্রসর হবার প্রতীক এবং মায়ের ডান-পাটি শিবের অনাহত চক্রের উপর অর্থাৎ হৃদয়গ্রন্থি বা অনাহত চক্র ভেদের প্রতীক অর্থাৎ আসুরিক বৃত্তির নাশ যা মায়ের ইচ্ছা তেই ঘটে এবং মা কুলকুন্ডলিনী শক্তি যা স্বয়ং করিয়ে দেন।

প্রচলিত একটি গানের মধ্যে বলা হয়েছে-

"কুলকুণ্ডলিণী ঘুম ভঞ্জক হে।

হৃদিগ্রন্থি বিদারণ কারক হে।।

মম মানস চঞ্চল রাত্রি দীনে।

গুরুদেব দয়া কর দীনজনে"।।

এই গানটি সকল কথা প্রসঙ্গ এবং আমার অনুভূতি থেকে মনে হয় গুরুশক্তি'ই নিজের মধ্যে থাকা মাতৃশক্তিকে জাগিয়ে

 © 2020 RYKYM.org All Rights Reserved

এবং চিনিয়ে দেন। গুরুশক্তি(গুরুর কৃপা) ও মাতৃশক্তিই হল সেই দুটি পথ, যে দুটি পথ যখন এসে এক সাথে মেশে তখনই সাধকের তাঁর দেখা মেলে।

সাধক রামপ্রসাদের গাওয়া গানের মাধ্যমেও মা কুলকুন্ডলিনী শক্তির কথা এবং সেই শক্তির অবস্থানের কথা স্পষ্ট ভাবে বলা হয়েছে-

"ভেবে দেখ মন, কেউ কারও নয়, মিছে ভ্রম ভূ-মন্ডলে।

ভুলনা দক্ষিণাকালী, বদ্ধ হয়ে মায়াজালে"।

এই গানটির মধ্য দিয়ে বলা হয়েছে মন যেহেতু তার সৃষ্টির পথ ভুলে গেছে (মহামায়া করে থাকেন) তাই সে এতো চঞ্চল (প্রাণ চঞ্চল বলে), তাই মন কে বলা হয়েছে মিছে মিছে এদিকে সেদিকে সংসারের বাঁধনের মধ্যে (কেউ কার নয়) না জড়িয়ে, ঘুরে না বেড়াতে (মিছে ভ্রম ভূ-মন্ডলে) এবং দক্ষিণাকালীকে (মা কুলকুন্ডলিনী শক্তিকে) মায়াজালে বদ্ধ হয়ে না ভুলতে।

আবার আমরা মা দুর্গার চিন্ময়ী মূর্তিটিও লক্ষ্য করলে দেখতে পাই যে মা একা দশ হাতের অধিকারিনী এই দশ হাত যা কিনা আমাদের দশ ইন্দ্রিয়ের প্রতীক (পঞ্চ জ্ঞানেন্দ্রিয়- চক্ষু, কর্ণ, ত্বক, জিহ্বা, নাসিকা ও পঞ্চ কর্মেন্দ্রিয়- বাক, পাণি, পাদ, উপস্থ, পায়ু) এবং যা থেকে আমাদের প্রচলিত একাদশী কথাটি এসেছে অর্থাৎ একা দশ ইন্দ্রিয়কে নিজের অধিনে রাখা। মা দুর্গা সিংহের উপর দন্ডায়মানা অবস্থায় বাঁ দিকে অসুরকে রেখে বধ করছেন। মা পদতলে সিংহকে রেখে দন্ডায়মানা অর্থাৎ সাধক তার সমস্ত খারাপ গুনকে নষ্ট করে (পদতলে) ঊর্ধ্বগতি (মা কুলকুন্ডলিনী শক্তি জাগ্রত হওয়া) লাভ করতে সক্ষম হয়েছে এবং অবশেষে মা ত্রিশূল দ্বারা তার বাঁ দিকে অসুরকে রেখে বধ করছেন অর্থাৎ যা হৃদয়গ্রন্থি ভেদ বা সমস্ত আসুরিক বৃত্তির নাশের প্রতীক এবং ত্রিশূলটি হল ইড়া, সুষুম্না, পিঙ্গলার প্রতীক। খুব ভালো করে লক্ষ্য করলে দেখা যাবে মা ত্রিশূলটির মধ্যের শূল দ্বারা অসুরের বুকে আঘাত করছেন এখানে মধ্যের শূলটি হল সুষুম্না যে পথে মা কুলকুন্ডলিনী শক্তি ঊর্ধ্বগতি লাভ করে হৃদয়গ্রন্থিকে পুরোপুরি ভাবে ভেদ করতে সাধককে সাহায্য করেন। যা সম্পূর্ণ মায়ের ইচ্ছাতেই ঘটে থাকে।

তাছাড়াও আরও একটি প্রচলিত গানের মাধ্যমে বলা হয়েছে-

"আমার চেতনা চৈতন্য করে দে মা চৈতন্যময়ী"।।

অর্থাৎ এখানে মা কুলকুন্ডলিনী শক্তিকে চৈতন্যময়ী বলে সম্বোধন করা হয়েছে। মা কুলকুন্ডলিনী শক্তি যদি জাগ্রত না হন তাহলে কোনো সাধকেরই সঠিক ভাবে চৈতন্য লাভ বা চৈতন্যের প্রাপ্তি হয় না। তাই সাধক এই গানটির মাধ্যমে মা কুলকুন্ডলিনী শক্তিকে আহ্বান জানিয়ে বলেছেন যে আমার চেতনা চৈতন্য করে দে মা চৈতন্যময়ী।

গুরুদেব মাঝে মধ্যেই সকল ক্রিয়াবানদের উদ্দেশ্যে বলে থাকেন তোমারা ভেদজ্ঞান মুক্ত হও অর্থাৎ অভেদজ্ঞানে বিচরণ করো। গুরুদেবের বলা এই কথা প্রসঙ্গে আমি একদিন চিন্তা করলাম সত্যিই তো প্রত্যেক মানুষের মধ্যেই তো ভেদাভেদ (নারী ও পুরুষ ভেদ, জাতিভেদ) জ্ঞান তো রয়েছেই, এর থেকে মুক্ত হবার উপায় কি? একদিন ক্রিয়াকালীন এই প্রশ্নের উত্তরও পেলাম, আমারা তো সকলেই হর-পার্বতীর মূর্তি বা অর্দ্ধনারীস্বর মূর্তি দেখেছি। একই মূর্তির মধ্যে একত্রে এক দিকে শিব আর এক দিকে শক্তির (পুরুষ ও প্রকৃতি বা নারী) অবস্থান। একই মূর্তির মধ্যে শিব ও শক্তির একত্রে অবস্থান যা আমাদের দেহের মধ্যে ইড়া ও পিঙ্গলার (পুরুষ ও প্রকৃতি বা নারী) প্রতীক। আবার একই সাথে মূলাধার চক্রে শিবলিঙ্গ রূপে শক্তির সাথে একত্রে অবস্থান করছেন। তাহলে নারী ও পুরুষের মধ্যে ভেদজ্ঞান কিসের? একের সাপেক্ষে আর এক অর্থাৎ একজন অপরজনের পরিপূরক বা দুই শক্তি একত্রে মিলে এক (সৃষ্টির তত্ত্ব)। আবার একাধারে রইলো জাতিভেদ- আত্মার আবার কোনও জাত হয় নাকি? সে তো এক, অভিন্ন, অভেদ্য তাহলে আবার জাতিভেদ কিসের জন্য। সকলই মায়ের সন্তান, মা যেমন রাখবেন তেমনই তো হবে, যেমন চালাবেন তেমন করেই তো চলতে হবে, সবই তো ইচ্ছাময়ীর ইচ্ছাতেই ঘটে।

জয় গুরুদেব।। ॐ

 © 2020 RYKYM.org All Rights Reserved

ক্রিয়াযোগ ও বিজ্ঞান – চতুর্থ অংশ

– অমিতাভ দত্ত

আলোচ্য বিষয়ের **প্রথম অংশে** আমরা ক্রিয়াযোগ'এর দৃষ্টিকোণ থেকে মানব **মেরুদণ্ডের গঠন তথা কর্মসম্পাদন** সম্বন্ধে আলোচনা করেছি। **দ্বিতীয় অংশে ক্রিয়াযোগ পদ্ধতির প্রথম-স্তরের** ব্যাখ্যা বিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে করার চেষ্টা করেছি। **তৃতীয় অংশে দেহ চক্র** গুলির বৈশিষ্ট, পদার্থ-শক্তি এবং তার বিশেষ গুণ **ঘূর্ণন(vortex)** সম্বন্ধে আলোচনা করেছি।

বর্তমান অংশে আমরা প্রকৃতির এই বিশেষ গুণ **ঘূর্ণন(vortex),** যার অনুশীলন উচ্চস্তরের ক্রিয়ায় একান্ত কাম্য, প্রকৃতিতে তার স্বরূপ জানার-বোঝার চেষ্টা করব। এই ঘূর্ণন অনুশীলন গূঢ়-যোগপদ্ধতি পূর্ণতই গুরু-বক্ত্রগম্য, তাই এর পদ্ধতিগত বর্ণনা দেওয়া এই স্থলে অসম্ভব, কিন্তু আমরা এর কারণ ও তার ফল জানার চেষ্টা করবো। সাথে আমরা সৃষ্টি-প্রকৃতির মধ্যে লুকিয়ে থাকা **অঙ্ক(Math)** বোঝারও চেষ্টা করবো।

আমরা কী কখনোও ভেবেছি, যে সঙ্গীত শুনতে আমাদের কেন এত ভালো লাগে? কেন আমরা বিভিন্ন রঙ দিয়ে তৈরি ছবি-শিল্প পছন্দ করি? কেন এই রঙিন প্রকৃতি আমাদের আকর্ষণ করে? তারই মধ্যে আবার নির্দিষ্ট কিছু শব্দ, রঙ, রূপ আমাদের একান্তই আপন বা নিজস্ব বলে প্রতীত হয়।

আমরা যদি এর আরোও একটু গভীরে যাই, তবে দেখবো, সব শব্দ বা তরঙ্গই কিন্তু আমাদের ঠিক ভালো লাগে না। যে সমস্ত তরঙ্গ কিছু নির্দিষ্ট **কম্পনাঙ্ক(frequency)**এর হয় এবং তা পৌনপুনিক ভাবে পুনরাবৃত্তি হয়, তাদেরই শব্দ আমাদের বেশী ভালো লাগে, আর এর অন্যথা হলে অর্থাৎ তরঙ্গ বিশৃঙ্খল ভাবে হলে, সেই শব্দ আমাদের বিরক্তির উদ্রেক করে।

প্রথমটিকেই সুর বলে, আর সুরের অন্যথা হলেই অসুর – আওয়াজ(noise) সৃষ্টি হয়। প্রথমটি শৃঙ্খলাবদ্ধ আর পরেরটি বিশৃঙ্খল; যথা- বাদ্যযন্ত্র সেতার-তবলা'র সুর আর বিপরীতে জেনারেটর'এর আওয়াজ-কারখানার কোলাহল।

শুধু শব্দের-সুরের ক্ষেত্রেই নয়, জীবনের মোটামুটি সর্বত্রই আমরা কোনোও না কোনোও একটা ছন্দ বা প্যাটার্ন খুঁজি; এবং সেটা আমরা অজান্তেই অবচেতনে করি।

অর্থাৎ আমরা, আরোও সঠিক ভাবে বললে মানব মস্তিষ্ক একটা প্যাটার্ন পছন্দ করে। কিন্তু প্যাটার্ন কী কেবল মানব'ই পছন্দ করে? উত্তর হল না; প্রকৃতিও এটাই খোঁজে। ছোট থেকে বড়, প্রকৃতির সর্বত্রই এই প্যাটার্ন ছড়িয়ে আছে, শুধু আমরা সঠিক ভাবে সেটা লক্ষ্য করি না।

প্রকৃতিতে ক্ষুদ্র রূপে আপাত দৃষ্ট বিশৃঙ্খলা, বৃহৎ রূপে সামগ্রিক দৃষ্টিতে এক সুশৃঙ্খল ব্যবস্থারই অংশ বিশেষ। আকাশের যেকোনোও একটা অংশে দৃষ্টিপাত করলে আমরা ইতস্তত ছড়িয়ে ছিটিয়ে থাকা কিছু নক্ষত্রপুঞ্জ'ই দেখি; কিন্তু সামগ্রিক রূপে সেটা এক সুশৃঙ্খল রূপে ঘূর্ণায়মান গ্যালাক্সিরই অংশ বিশেষ মাত্র। প্রকৃতি নিয়ম ভালোবাসে, তাই আপাত বিশৃঙ্খলাও নির্দিষ্ট শৃঙ্খলা বা নিয়মেই আবদ্ধ।

এখন আমরা যদি বলি যে প্রকৃতি অঙ্কের ফর্মুলায় চলে, তাহলে অনেকেরই এটা শুনে আশ্চর্য্য-বোধ হতেই পারে। বাস্তবে **ফর্মুলা কি ?** ফর্মুলা হল কোনোও কিছুর repetition বা পৌনপুনিক ভাবে পুনরাবৃত্তির ভেতর খুঁজে পাওয়া একটা নির্দিষ্ট **ছন্দ বা প্যাটার্ন।** যেমন 2+2=4, 4+2=6, 6+2=8, 8+2=10 – সংখ্যার এই ক্রমিক বদলের একটা নির্দিষ্ট ছন্দ রয়েছে, এক্ষেত্রে যেটা 2 করে বাড়ছে - এটাই প্যাটার্ন বা ফর্মুলা, অঙ্ক।

 © 2020 RYKYM.org All Rights Reserved

এবারে আমরা কিছু ছবি দেখবো:-



উপরের বামদিকের ছবি গুলির সাথে ডানদিকের আঁকাটির কোনোও মিল কি আছে? ঠিকই, যদিও এগুলো ভিন্ন ধরনের বস্তু, কিন্তু দেখতে এগুলো প্রায় একই রকমের। সবই যেন **বিষ্ণুর সুদর্শন চক্র**'এর মতো ঘূর্ণায়মান, গোল-গোল ঘুরতেই থাকছে। ঘূর্ণায়মান এই সমস্ত বস্তুগুলো দেখে মনে হয়, এগুলো কেন্দ্র থেকে বাইরে, অথবা বাইরে থেকে কেন্দ্রের দিকে ঘুরেই যাচ্ছে। এই বিশেষ গঠন একটা প্যাটার্ন বা ফর্মুলা। এই বিশেষ গঠন আমরা প্রকৃতির সৃষ্টির প্রায় সর্বত্রই পাই, তাই একে বিশদে জানবো।

ফিবোনাচ্চি সংখ্যা / সিকোয়েন্স (Fibonacci number / sequence)- বিশেষ কিছু সংখ্যার ক্রমবিন্যাস বড়ই আশ্চর্যজনক। যেমন - নিচের ক্রমটিতে পরের সংখ্যাটি আগের সংখ্যা দুটির যোগফল। 0, 1, 0+1=1, 1+1=2, 2+1=3, 3+2=5, 5+3=8, 8+5=13, 13+8=21, 21+13=34, 34+21=55, 55+34=89, 89+55=144 ... এই ক্রম চলতেই থাকে। আর এই সংখ্যা গুলোর চরিত্রও বড়ই অদ্ভুত। পাশাপাশি দুটি ফিবোনাচ্চি সংখ্যার বর্গ(square)এর যোগফল নিজেও একটি ফিবোনাচ্চি সংখ্যা। প্রকৃতি বড়ই ভালোবসে এই সংখ্যাগুলো। তাই বেশীরভাগ ক্ষেত্রেই গাছের শাখা দুভাগে বিভক্ত হয়, বিভিন্ন ফুলের পাপড়ি 5, 8, 13, chicory21, daisy34/55, অথবা DNA'র প্রতিটি পূর্ণ পাক চওড়া ও লম্বায় 21 ও 35 এংষ্ট্রম - আরোও কত কি।

গোল্ডেন রেশিও (golden ratio)- ফিবোনাচ্চি সংখ্যার আরেক বৈশিষ্ট্য বড়ই আশ্চর্যের। পর-পর দুটি সংখ্যার যোগফল প্রথম সংখ্যাটি দিয়ে ভাগ করলে যে বিশেষ সংখ্যা পাওয়া যায়, তা বাস্তবে অবিভাজ্য অসীম এক ভগ্নাংশ যা হল ϕ ফি/ফাই(phi)। সংখ্যা দুটি a ও b হলে ϕ ফাই এর মান হল (a+b)/a = 1.61803398875... আশ্চর্যজনকভাবে, প্রকৃতিও এই জটিল অসীম সংখ্যা বিশিষ্ট অনুপাতটি খুব ভালোবাসে। মৌচাকে পুরুষ ও স্ত্রী মৌমাছির সংখ্যার অনুপাত, বা মানবের সবচেয়ে কর্মক্ষম আঙুল তর্জনীর পাশাপাশি দুটি হাড়ের অনুপাত, আরোও অনেক কিছুই। আবার, মানব চিত্রঅঙ্কণ, পিরামিড তৈরী, সঙ্গীত সৃষ্টি, সবেতেই এই অনুপাত ব্যবহার করেছে।

 © 2020 RYKYM.org All Rights Reserved





গোল্ডেন রেকটাঙ্গেল (golden rectangle)- কোনোও আয়তক্ষেত্রের দুটো বাহুর অনুপাত গোল্ডেন রেশিও বা ϕ হলে তাকে গোল্ডেন রেকটাঙ্গেল বলে। অর্থাৎ আয়তক্ষেত্রটির একটি বাহূ a এবং অপরটি b হলে, যদি $(a+b)/a = \phi$ ফাই এর মানের সমান হয়, তবে সেটি একটি গোল্ডেন রেকটাঙ্গেল হবে। শিল্পী, ভাস্কর, আর্কিটেক্ট তাদের সৃষ্টি ইচ্ছাকৃত বা অজ্ঞাতেই গোল্ডেন রেকটাঙ্গেল অনুযায়ী করেন।

গোল্ডেন স্পাইরাল (golden spiral)- ফিবোনাচ্চি সংখ্যা দিয়ে তৈরী গোল্ডেন রেশিও থেকে গোল্ডেন রেকটাঙ্গেল বানাতে পারি; আর গোল্ডেন রেকটাঙ্গেলের ভেতরের প্রতিটি স্কোয়ার কে কম্পাস দ্বারা কার্ভ লাইনে জুড়ে দিলে তৈরী হয় গোল্ডেন স্পাইরাল।





প্রকৃতি কিন্তু এতো জটিলতার কথা না ভেবেই চারিদিকে এই স্পাইরাল তৈরী করে। এমনকি নিম্নতর প্রাণীরাও তাদের দেহগঠনে, জীবনযাত্রায় এই প্যাটার্নই মেনে চলে। আশ্চর্যজনকভাবে, উচ্চতর স্তন্যপায়ী প্রাণীর মাতৃগর্ভে ভ্রূণের গঠনও এই রূপেই থাকে।

প্রকৃতির সকল সুন্দর সৃষ্টির মধ্যেই এই প্যাটার্ন বা গোল্ডেন অনুপাত উপস্থিত – সেটা সুদুরের গ্যালাক্সি থেকে কাছের কোনোও সুন্দর মুখ, শিল্প, স্থাপত্য, ভাস্কর্য, শঙ্খ, গাছের শাখা-প্রশাখা ও পাতা বিন্যাস, ফুলের পাপড়ি বিন্যাস, পাইন কোন বা সূর্যমুখীর বীজ বিন্যাস, সাগরের ঢেউ, ঘূর্ণিঝড় এর গঠন, আফ্রিকা মহাদেশের গঠনে, প্রাণের সৃষ্টির শুরু, এমনকি এর অস্তিত্ব দেখা যায় মানব জিন এর গঠনের মধ্যেও। শালিগ্রাম শিলা – যেটাকে আমরা ভগবান বিষ্ণুর প্রতিভূ বলে মানি, সেটাও হল বাস্তবে সামুদ্রিক জীব নটিলাস'এর জীবাশ্ম, যার গঠনও একই ঘূর্ণন প্যাটার্ন মেনেই।

 © 2020 RYKYM.org All Rights Reserved

আমাদের অজান্তেই প্রকৃতির এই বিশেষ গুণ **ঘূর্ণন(vortex)**এর বিভিন্ন রূপে আমরা ঘিরে আছি। তাই অবচেতন মনেই, যা কিছুই এই বিশেষ ঘূর্ণন প্যাটার্ন মেনে চলে, তাই আমাদের কাছে সুন্দর। অথবা বলতে পরি, সুন্দর সবই এই নিয়ম মেনে চলে। এই সুন্দরের অনুভুতি আমাদের মনেও দূর্লভ আনন্দের অনুভুতি এনে মন শান্ত করে। সঠিক ক্রিয়া অনুশীলন কালে প্রকৃতির এই বিশেষ গুণ – ঘূর্ণন বা **প্রদক্ষিণ**'এর অনুভব দ্বারা সৃষ্টির সেই সুবিশালত্বের সাথে একাত্ম বা একীভূত বোধ করা সম্ভব। প্রদক্ষিণজনিত সৃষ্ট এই ঊর্ধমুখীবল'এর শক্তি অতিশয় প্রবল – আমরা ঘূর্ণিঝড়ের সময় দেখি এই শক্তিই ভূপৃষ্ট থেকে ভারী বস্তু-সমূহকেও উপরে তুলে নিতে সক্ষম হয়। ক্রিয়া সাধনাকালীন প্রদক্ষিণজনিত সৃষ্ট এই ঊর্ধমুখীবল মূলাধারস্থিত কুণ্ডলিনীশক্তিকে ঊর্দ্ধমুখে আকর্ষণ করে, ফলে শক্তি ষটচক্রপথে সুষুম্না-অবলম্বনে সহস্রারস্থিত সেই পরমপুরুষের সাথে মিলিত হয়।

আমরা যেমন এই বিশাল বিশ্ব-প্রকৃতির একটা ক্ষুদ্র অংশ মাত্র, তেমনি এই বিশাল বিশ্ব-প্রকৃতিও আমাদের ভেতরেই ক্ষুদ্র রূপে রয়েছে। যা আছে এই ব্রহ্মান্ডে, তাই আছে এই দেহ-ভাণ্ডে। আমরা সেই বিশাল বিশ্ব-রূপের সাথে একাত্ম-একীভূত হতে পারলে, তাঁর সেই রূপ আমাদের ভিতরেই আমরা খুঁজে পেতে পারি। তখন ভিতর আর বাইরের ফারাক-বিভেদ মুছে যায়। ফলে, জীব-জড় সর্বত্রই তাঁর সেই রূপই কেবল দেখা যায়। এটাই সর্বং খল্বিদং ব্রহ্ম। তখন সব চাওয়া-পাওয়া বিনষ্ট হয়। ভগবান ও ভক্তের ভেদ মুছে গিয়ে তখন মানুষই ঈশ্বরসম হয়ে ওঠে। ॐ

- ক্রমশ -

-তথ্যসুত্র: গুরুদেবের উপদেশ ও আলোচনা,

-অন্যান্য ইন্টারনেট-সাইট সমূহ (https://sciencevibe.com/2015/06/04/the-fabulous-fibonacci-sequence-in-nature/),

-সর্বোপরি গুরুদেব ও পরমগুরু লিখিত পুস্তকলব্ধজ্ঞান|

- লেখটির বিষয়ে আলোচনা এবং স্বরূপ দেওয়ার জন্য গুরুভাই/গুরুভগ্নী ঐন্দ্রী, দীপাঞ্জন, সুজয়, সুদীপ, জয়িতা, শিমিলি এবং আমার সহধর্মিণী কাবেরী'র কাছে বিশেষরূপে ঋণী।

 © 2020 RYKYM.org All Rights Reserved

আমার ক্রিয়ার আলোকে আসা

– পাপিয়া চক্রবর্তী

সেই সময় প্রতিকূল পারিপার্শ্বিক পরিস্থিতির দাবদাহে জর্জরিত হয়ে কোন খড়কুটোকে অবলম্বন করে বাঁচতে চাইছি। কিন্তু, কখনোই কোনওরূপ ঈশ্বর বিমুখতাকে প্রশ্রয় দিইনি। তখনই হঠাৎ অনেক দিনের অর্ধেক পড়া বইটার দিকে আমার দৃষ্টি আকর্ষিত হল। সেটা ছিল লাহিড়ী বাবার প্রিয়শিষ্য পঞ্চানন ভট্টাচার্য মহাশয়ের লেখা "জগত ও আমি"। সেই সময় বইটা ছিল আমার চাতক পাখির জল পাওয়ার মতো। কিন্তু তা, বইটা পড়ে আমার তৃষ্ণা যে আরো বেড়ে গেল। এ তৃষিত হৃদয় যে এবার, আলোর জ্যোৎস্নায় স্নান করতে চায়। কিন্তু কে দেবে সে আলোর ঠিকানা? চারিদিকে হাতড়ে বেড়াচ্ছি এখান থেকে ওখানে। কিন্তু কারোর যে সে ঠিকানা জানা নেই, আর ততই বাড়তে থাকে প্রাণের আকুতি।

সেই সেদিনগুলোর কাতর আর্তনাদেই বুঝি একদিন স্বপ্ন দেখলাম; কে যেন আমার কপালে হাত দিলো, আর আমার সারা শরীর শীতল হয়ে গেল। আমি তাঁকে বললাম- যদি এটাই হবে, তবে আরো আগে নয় কেন? আমার ঘুম ভেঙে গেল। আমি উঠে বসে উপলব্ধি করলাম, আশার আনন্দ! তবে কি আমি পাব আলোর ঠিকানা? অবশেষে অনেকদিনের পরিচিত মুখ- আমার স্বামীর বন্ধু 'অমিত দা'- যাকে আমি আমার সমস্যার কথা বলেছিলাম, তিনি হঠাৎই অধ্যাপক সুপ্রিয়বাবুর কথা বললেন যিনি আমাকে এ ব্যাপারে সাহায্য করতে পারেন বলে জানা গেল। আমি মনে বড় আশা নিয়ে তাঁর সঙ্গে দেখা করতেই তিনি রঞ্জিতবাবু নামে একজনের কথা বললেন। তাঁর সঙ্গে কথা বলে জানতে পারলাম, তিনি বহুবছর আগে ক্রিয়াযোগে দীক্ষিত, কিন্তু বর্তমানে তাঁর কোন পরিচিত ব্যক্তির সন্ধান জানা নেই, যে আমাকে আলোর সন্ধান দিতে পারে। তবে তাঁর পরিচিত একজন ডাক্তারবাবু আছেন, যিনি ক্রিয়াযোগ সাধনা করেন। তিনি তাঁর সাথে যোগাযোগ করে আমাকে জানাবেন। এভাবে রঞ্জিতবাবু একজন অশীতিপর বৃদ্ধ তাঁর ডাক্তার বন্ধু ডাঃ সমীর সাহাকে (যিনি আজও আমার কাছে অচেনা) নিয়ে উত্তরপাড়ায় গুরুবাবার কাছে এসে দেখা করেন এবং তারপর আমাকে যেতে বলেন। এইভাবেই পাঁচজন যারা কেউ আমার পূর্বপরিচিত নন, তারাই আমাকে আলোর পথে নিয়ে আসার কান্ডারী হয়েছিলেন। অবশেষে আমি গুরুবাবার সান্নিধ্যে আসি।

এরপরই আসে সেই চরম আকাঙ্ক্ষিত, পরম পাওয়ার দিন, ৫ই সেপ্টেম্বর গণেশ চতুর্থী। বলাবাহুল্য সেদিন থেকে দীর্ঘ একমাস ধরে গুরুশক্তি কি- তা উপলব্ধি করেছি। তবে যাদের জন্য পরম পাওয়া, এরা আমার পরম আত্মীয় ও উপদেষ্টা হিসাবে সর্বতোভাবে সেদিন আমাকে যেভাবে সহযোগিতা করেছে- এ ঋণ শোধ করার নয়। তবে এদের প্রত্যেকের প্রতি আমি যখন বারংবার কৃতজ্ঞতা প্রকাশ করে থাকি, তখন এদের প্রত্যেকের কাছ থেকে একই প্রত্যুত্তর পাই, যা আমাকেও মাঝে মাঝে অবাক করে- একি সত্যিই ঈশ্বরের পরম করুনা ছাড়া সম্ভব হতো? ॐ

© 2020 RYKYM.org All Rights Reserved

মাকে দেখেছো?

– শিউলি গাঙ্গুলী

সালটা 2019, বেশ ক'দিন ধরে সারদা মার একটা বই পড়ছিলাম, ভক্তদের উপলব্ধির আলোকে ছোট ছোট ঘটনার বিবরণ লেখা। সেখানেই পড়ছিলাম ভক্তদের ভালোবাসার অনুরোধ রাখতে মা কত কষ্টই না স্বীকার করতেন, সবে হয়তো সমস্ত কাজ সেরে একটু বিশ্রাম নিতে গেছেন-শুনলেন এক ভক্ত এসেছেন উপবাসী হয়ে বহুদূর থেকে, ইচ্ছা মার হাতে প্রসাদ খেয়ে উপবাস ভঙ্গ করবেন।

অমনি মা সেই ভক্ত সন্তানের জন্য রাঁধতে বসলেন। পড়ছি আর ভাবছি আমরা বুঝতেও পারিনা আমাদের ভালোবাসা ভক্তির জন্য স্বয়ং জগত জননী মানব শরীর ধারণ করে কত কষ্ট হাসিমুখে সহ্য করেছেন। সেখানেই পড়ছিলাম ভক্তদের মাকে পদ্ম ফুল দিয়ে পূজা করার কথা।

মনে বড় সাধ হল আমিও কি মার চরণে একটু পদ্মফুল নিবেদন করতে পারিনা! দুর্গাপূজার কিছুদিন আগে গিয়েছিলাম গুরুদেব ও মার দর্শনের জন্য। গুরুদেব ব্যস্ত ছিলেন কিছু ভক্ত শিষ্যের সাথে কথা বলার জন্য, আমি তাই ওপরে গেলাম মার সাথে দেখা করার জন্য। মা মাটিতে বসে আয়নার সামনে সিঁদুর পরছিলেন, আমি গিয়ে বসলাম পাশটিতে। প্রথমেই মা বললেন মাটিতে বসো না, তোমার তো মাটিতে বসা বারণ! এত শিষ্য এত ভক্ত প্রতিনিয়ত আসছে যাচ্ছে, তবু মা ভোলেন না একজন সাধারন ভক্তের সামান্য অসুবিধাও। মার কাছে অনুমতি চাইলাম, "মা খুব ইচ্ছা হয়েছে তোমাকে পদ্ম ফুল দিয়ে পূজা করার, করতে পারি কি?" মা বললেন, "নিশ্চয়ই পারো, তবে যেকোনো দিন নয়, অষ্টমীর দিন আমি পূজা নেব, সেই দিন সঠিক সময়ে এসো। কারণ তোমরা যে আমাকে পুজো দেবে সেই প্রার্থনা যাতে পূর্ণ হয় তাই তার আগের রাতে আমি সারারাত ধ্যান করি।"

মা সামনে বসে আছেন- তাঁর স্নিগ্ধ প্রশান্ত রূপ, আমার হৃদয়ের সমস্ত তন্ত্রে এক সুর বেজে চলেছে, "মাকে দেখেছো?" "মাকে দেখেছো?"

অন্তর বলে চলেছে- সেই এক শাশ্বত রূপ, সেই এক ভক্ত বৎসল মা- যিনি সমস্ত রাত ধ্যান করেন তার ভক্তদের পূজা গ্রহণ করার জন্য। সেই একইভাবে সংসারের সমস্ত কিছুতেই যুক্ত থেকেও সন্ন্যাসীর অনাসক্তি।

মাগো কি চাইবো আর কি প্রার্থনা করব? সমস্ত প্রার্থনা তো ওই চরণ অবধি পৌঁছে শেষ হয়ে যায়। অন্তর আপন-মনে গাইতে থাকে "মাকে দেখেছো? "মাকে দেখেছো?"

আমরা সাধারন মানুষ অলৌকিক কিছু না দেখলে অসাধারণত্ব বিশ্বাস করতে পারিনা, তাই "মাকে দেখেছো?" বলার অর্থ এই যে, তাঁর অসাধারণত্ব যে কঠিন সাধারণত্বের আবরণ দিয়ে ঘেরা রয়েছে তা দেখার অন্তর্দৃষ্টি পাবো কবে? ধ্যান সাধনা দীক্ষার যে পথ কঠিন অধ্যাবসায় আর যুক্ততার সাথে নিয়মিত চর্চা করতে হয় উপলব্ধির পূর্ণতায় পৌঁছানোর জন্য, সেখানে পৌছানোর গেলে জীবন কেমন হবে- মা তো সাক্ষাৎ সেই আদর্শ রূপ। জগৎ জননী মা সারদা'কে আমরা চর্ম-চোখে দেখিনি কিন্তু তাঁর সাক্ষাৎ রূপ কি আমাদের মধ্যে বিরাজমান নেই! মার সান্নিধ্যে আসা ভক্তরা কি তাঁর

 © 2020 RYKYM.org All Rights Reserved

সর্বব্যাপী ভক্তবৎসল মাতৃরূপ দেখে নিবেদিতপ্রাণ না হয়ে পেরেছেন? আমি দেখেছি মাকে দূর্গা পূজার প্রসাদ বিতরণের সময় এত ভক্তদের জনসমাগমের মাঝেও ঢাকির ছেলে পোলাও খায় না বলে তার জন্য সাদা ভাত রান্না করতে, দেখেছি মাকে সংসারের সমস্ত কিছুতে যুক্ত থেকেও সন্ন্যাসীর নির্লিপ্ততায় থাকতে। মা সারদা ভক্তদের বলতেন, "ঈশ্বরপ্রাপ্তি হলে কি হয়? তার কি আরও দুটো হাত পা হয়! না, তিনি নিজেই ঈশ্বর প্রতিম হয়ে যান, তাঁর কাছে গেলে অনুভব হয় দেবালয় এসেছি।" তেমনি মার কাছে গেলে অনুভব হয় যেন দেবালয় এসেছি। কিছু চাইবার দরকার হয়না, তিনি জননী তিনি না চাইলেই বোঝেন তাঁর সন্তানের ব্যথা। তাঁরি ধ্যান আমাদের পৌঁছে দেয় গুরুদেবের কাছে, তিনি আছেন তাই গুরুকৃপা প্রবাহিত হয়। তাই মন বারবার বলে "মাকে দেখেছো?" প্রকৃত অর্থে সমস্ত ধ্যান তো তাঁকেই দেখার চেষ্টা। অন্তর দৃষ্টিতে তিনি কুলকুণ্ডলিনী শক্তি রূপে স্থিত, বাইরের দৃষ্টিতে আদর্শরূপে তিনি আমাদের মা। ॐ



© 2020 RYKYM.org All Rights Reserved

আমার আন্তরিক মা

– বিকাশ শর্মা

শিব শিব জগত বলে, কিন্তু শিব কি মা শিবানী ছাড়া চলে ?

জগতের মা তো শিবেরও মা,

তাই শিবকেও দুধ পান করালে জননী তারা তুলে কোলে।

জগত জননীর কেমন সৃষ্টি, বিপদে পড়লে সন্তান প্রথমেই মা মা বলে,

মাকে ছেড়ে কেমন সাধনা, মায়ের লীলাতে তোতাপুরি গেল ব্রহ্ম ভুলে।

মা ত্রিনয়নী ত্রিকাল দর্শন করে, সৃষ্টি-স্থিতি-প্রলয় সবেতেই মায়ের ইচ্ছা চলে,

শিব সহস্রারে বসে তো আছেন, কিন্তু ষড়ঙ্গ তো মায়ের ইচ্ছাতে টলে।

সহস্রারেও আমার মায়ের খেলা,

শিবানী হয়ে শিবের বুকে পা দেয় আর সহস্রার শিবকে জাগিয়ে তুলে,

দাও গো মা এমন আশীর্বাদ, যাই যেন এই জগত ভুলে।

(আদিশক্তি ও গুরুমাতাকে প্রণাম জানাই)

ॐ

© 2020 RYKYM.org All Rights Reserved

তুমি (গুরুদেবের চরণে)

– সোমনাথ মুখার্জী

তোমার নামেই গাঁথব আমার সকল ব্যাথার মালা,

তোমার নামেই সাজাই আমার সকল পূজার ডালা।

তোমারি নাম গাইব গানে,

গাইব জয়ের অভিমানে-

গাইব ভোরের উদাস সুরে,

চোখের জলে হৃদয় জুড়ে-

তোমার নামেই কাটুক আমার মিথ্যা মোহের খেলা।

তোমারি নাম জপব ধ্যানে-

জপব মনের গহন কোনে,

পূজবে হৃদয় তোমার চরণ সমস্ত সম্মানে।

কাঁদবে নয়ন ওই চরণেই-

শতেক অপমানে।

সুখ-দুঃখের খেলার ছলে

জীবন আমার ভাঙে গড়ে

তবু ওই চরণেই সাজাবো ফুল

হৃদয় প্রদীপ জ্বেলে। ॐ

কৃপা

– শিউলি গাঙ্গুলী

কিভাবে করিব ধ্যান, আমি কি দিয়ে সারিব পূজা-

আঁখি জলে মোর হৃদি ভেসে যায়, প্রভু পাওয়া? সেকি সোজা!

জ্যোতিতে আঁধার, আঁধারেও জ্যোতি-

তুমি বন্ধন, তুমি মুক্তি-

রূপ থেকে প্রভু অরূপে মিলেছ, ধ্যানেতে তোমাকে ধারণ করিব-

ওগো নারায়ণ কোথা সে শক্তি!

এত কৃপা নাথ হৃদয়ে ধরে না, আমি কি গো আমি বুঝিতে পারিনা-

ধ্যান ধ্যেয় মোর সবই মিলে গেল, কিভাবে সাধিব প্রাণের সাধনা?

কৃপা নাকি প্রভু করে পাওয়া যায়!

কিছু তো করিনি কি হবে উপায়-

আমি সংসারী, খোঁটা বাঁধা দড়ি- দেওয়া আর নেওয়া হিসাবের কড়ি।

নামহীন ফুল পথে ছড়াছড়ি-

তবু দয়াময় এত কৃপা তব!

প্রাণের আয়ামে প্রাণেরে পূজীব-

জনম জনম চরণে রেখোগো, দিয়োগো বাসিতে ভালো-

তোমারি সুধায় হৃদি সুধাময়, তোমারি আলোতে আলো। ॐ

© 2020 RYKYM.org All Rights Reserved

क्रिया में अनुशीलनता का महत्व – भाग 2

– Sudeep Chakravarty

एक क्रियावान साधक का क्रिया का नित्य अभ्यास ही उसका परम कर्तव्य होना चाहिए, लेकिन यह भी बहुत संभव है कि आज की आपाधापी और व्यस्त दिनचर्या के कारण सप्ताह या महीने में कुछ दिन ऐसे होते है जिन दिनों में साधक शारीरिक रूप से क्रिया नहीं कर पाता है |

एक निष्ठावान साधक जिस दिन किन्हीं कारणवश क्रिया नहीं कर पाता, उस दिन उसका अन्तर मन एक प्रकार की ग्लानि से भरा होता है जो उसके स्वभाव में भी परिलक्षित होता है | गुरुदेव ने अनेक बार कहा है कि अगर क्रिया करने की इच्छा के बावजूद क्रिया करने की परिस्थिति नहीं बन पा रही है तो उसमें कोई दोष नहीं है | बस साधक को इस बात का ध्यान रखना चाहिए कि क्रिया करने के लिए उसके उत्साह में कोई कमी ना आए और गुरु के प्रति उसकी निष्ठा बरकरार रहे |

अगर किसी कारणवश शारीरिक क्रिया नहीं हो पा रही है तो गुरुदेव ने मानसिक क्रिया करने का भी प्रावधान दिया है| मानसिक क्रिया में साधक षट्चक्रों पर मन ही मन ध्यान लगाकर प्राणायाम कर सकता है | गुरुदेव ने एक और बात कही है – जिस प्रकार स्वशन शरीर का स्वभाव है, उसी तरह क्रिया भी प्राण का सरल स्वभाव है | जब मन स्थिर होता है तो क्रिया अपने आप होती है | मैं क्रिया करता हूँ यह एक अहंकारजनित विचार है, जो साधक की उन्नति में बाधक है |

हम एक मात्र गुरु की इच्छा और गुरु कृपा से ही क्रिया कर पाते है, इस मन:स्थिति से क्रिया करना ही एक साधक का उचित भाव है | ॐ

 © 2020 RYKYM.org All Rights Reserved

Kabir Ke Dohe

– Saket Shrivastava

साधू कहावन कठिन है, लम्बा पेड़ खजूर !

चढ़े तो चखे प्रेम रस, गिरे तो चकनाचूर !!

Sadhu kahwan kathin hai, Lamba ped khajoor !

Chadhe to chakhe prem rus, Gire to chaknachoor !!

As highlighted by Gurudev, the journey of sadhak is upwards, that is towards Sahasrasar and his abode is stasis in Kootastha. Kabirdas points to this journey of sadhak, being extremely arduous and exclaims that it is very difficult to be addressed Sadhu. It is because sadhu is one who by restraining all his bodily senses directs his intellect towards soul, the chief charioteer of his being, for which Prana Vayu (pranic energy) has to be continually channelized upwards towards Brahmarandha. Such vital energy (pranic energy) otherwise keeps flowing downwards towards Muladhar, the seat of procreation, which is but an arrangement of the Creation for its perpetuation. This upward flow is highly essential as the vital energy that keeps flowing down under the influence of senses, on which man hardly has any control, is the only energy in the body. Such energy if properly channelized can help man attain the desired balance for leading a peaceful and joyous life that otherwise by flowing down does not help man significantly. No wonder realized masters since ages have advocated the practice of kriya yoga or other discipline for directing such vital pranic energy upwards as they have realized that only by doing so one can enter the state of non-misery by gaining stasis in Kootastha. However for channelizing upwards this downward flowing energy, sadhak has to exercise strong determination in restraining his senses, that under the influence of Mahamaya keep triggering desires by responding to external stimuli whence after his vital energy gets exhausted in fulfilment of such desires. However such desires hardly cease and the wantonness for having more of them keeps developing since such desires and resultant actions for their fulfilment develop samaskaras in man that keep him caught endlessly in the will-o-wisp of desiring and attempting to fulfilling them. With such never ending conflict, man keeps suffering perennially, since his desires hardly get satiated so as to cease totally. But to have such a strong determination, sadhak must be pure in mind and heart; he must be innocent- and such innocence arises only when he is free of all vices, that is, he is immersed in sattva gunas. And to remain in sattva, sadhak must always be in three chakras above Manipur viz Anahat, Visudhhi and Angyan, whence alone he tastes the nectar flowing from Brahmarandha, termed ‘prem rus paan’ by Kabirdas. For gaining stasis in Kutastha and ceaselessly savouring the nectar flowing from Brahmarandha, sadhak must keep practicing sadhana so as to rising upwards endlessly. Such journey has been described by Kabirdas as climbing a long and fairly inaccessible Khajoor Ped (Date Tree). He further states that the one falling from such Khajoor Ped gets totally shattered. It therefore implies that the gaining of stasis in Kutastha by sadhak and the savouring of nectar flowing from Brahmarandha is not perpetual or permanent. It is because under the influence of outwardly directed senses there remains every possibility of the sadhak to getting derailed and shattering to smithereens while responding to external stimuli for satiation of some tamasic

 © 2020 RYKYM.org All Rights Reserved

